



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য মন্ত্রণালয়
তথ্য ভবন

১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।

www.dfp.gov.bd

২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
সভার তারিখ	:	০২ ডিসেম্বর, ২০২০ খ্রি.
সময়	:	সকাল ১১:৩০ ঘটিকা
সভার স্থান	:	পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) মহোদয়ের অফিস কক্ষ।

১.০০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০০ সভাপতি সভায় আগত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) ও ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব সেলিনা আকতার সভাকে জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ২.১-এ প্রতি দু'মাস অন্তর মোট ০৬টি ইনোভেশন সভা করার নির্দেশনা রয়েছে। সে আলোকে অদ্য ০২ ডিসেম্বর, ২০২০ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ইনোভেশন টিমের ৩য় সভা অনুষ্ঠিত হচ্ছে।


৩.০০ উপপরিচালক (প্রশাসন) ও ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব সেলিনা আকতার সভাকে আরও জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে উদ্ভাবন কর্মপরিকল্পনায় ১৫টি উদ্দেশ্য, ৩৪টি কার্যক্রম ও ৩৪টি সূচক রয়েছে। ইতোমধ্যে কর্মসম্পাদন সূচকসমূহের কার্যক্রম আংশিক সম্পাদিত হয়েছে। গত ১০ ও ১১ নভেম্বর, ২০২০ তারিখে 'উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ' মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত হয়েছে।

৪.০০ সভাপতি মহোদয় উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম ৪.১ অনুযায়ী 'উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার' আয়োজনের উদ্যোগ গ্রহণ করার আহ্বান জানান। সভায় ইনোভেশন টিমের সদস্যগণ এ বিষয়ে মূল্যবান মতামত ব্যক্ত করেন।

৫.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) 'উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/সেমিনার' আয়োজন করতে হবে।
 (খ) উদ্ভাবনগণের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) প্রণয়ন করতে হবে।
 (গ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।

৬.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 ১১/১২/২০২০

মোহাম্মদ আলী সরকার
 পরিচালক (প্রশাসন ও প্রকাশনা)
 ও
 চীফ ইনোভেশন অফিসার
 ইনোভেশন টিম
 ফোন: ০২-৮৩০০৬৮১

নং-১৫.৫৭.০০০০.০০১.৩৫.০০৮.২০(অংশ-২). ১৬১৪


তারিখ: ১৫ অগ্রহায়ণ, ১৪২৭
 ১৬ ডিসেম্বর, ২০২০

বিতরণ (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

- ১। জনাব মোহাম্মদ আলী সরকার, পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ২। জনাব সেলিনা আকতার, উপপরিচালক (প্রশাসন) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৩। জনাব ইসরাত জাহান, উপপরিচালক (প্রকাশনা) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৪। জনাব ডায়ানা ইসলাম সিমা, উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) ও সদস্য, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৫। জনাব মোহাম্মদ সায়েম হোসেন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং সদস্য ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, ডিএফপি, ঢাকা।
- ৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ডিএফপি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। ওয়েবসাইট।

৮। অফিস কপি।


 ১১/১২/২০২০
 সেলিনা আকতার

উপপরিচালক (প্রশাসন)